দৈনিক ইত্তেফাক
তারিখ ... 05 OCT 1990 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৭ ...

12

25

# ঢাকা ভার্সিটির ৪ জন প্রকৌশলীসহ ৫ জনের জেল ও জরিমানা

(ইত্তেফাক রিপোর্ট)

ঠিকাদারের সহিত যোগসাজশে সরকারী অর্থ আত্মসাতের দায়ে গতকাল (বৃহস্পতিবার) ঢাকার বিভ্র বিভাগীয় বিশেষ জজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪ জন প্রকৌশলী-সহ ৫ জনকে দোষী সাব্যস্ত করিয়াছেন।

আদালত ঠিকাদার মেসার্স ইক-বাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস-এর মালিক আসামী ইকবাল হোসেনকে ৩ বৎসরের সশ্রম কারাদণ্ড এবং ১০ লক্ষ টাকা জরিমানা, অনাদায়ে আরো এক বৎসরের কারাদণ্ড প্রদান করে। প্রকৌশলী মোহাম্মদ আলী ও প্রকৌশলী আবদুল মতিনকে ২ বৎসরের কারাদণ্ড এবং ২৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরো ৩ মাস কারাদণ্ড, সহকারী প্রকৌশলী আবদুল্লাহ সরদার ও উপ-সহকারী প্রকৌশলী শহীদুল হককে ১ বৎসরের কারাদণ্ড এবং ১০ হাজার টাকা জরিমানা, অনা-দায়ে ১ মাস করিয়া কারাদণ্ড প্রদান করে।

দুর্নীতি দমন সংস্থা উক্ত মামলা তদন্ত করিয়া ১৯৮৮ সালের ২৯শে আগষ্ট চার্জশীট দাখিল করে। চার্জশীটে বলা হয় যে, মেসার্স ইকবাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস নূতন ৪টি 'এমু পাম্প' সরবরাহের জন্য ২২ লক্ষ ৯২ হাজার টাকার দরপত্র দাখিল করে। কিন্তু তাহারা এমু পাম্প সরবরাহ না করিয়া স্থানীয়ভাবে নিম্নমানের পুরাতন পাম্প সরবরাহ করিয়া প্রকৌশলী-দের যোগসাজশে উল্লিখিত টাকার বিল দাখিল করে এবং পরবর্তীতে ৯ লক্ষ ৮২ হাজার টাকা আত্মসাৎ করে।